সংবাদ

৭৪ 087

তারিখ ১২—২—৮২
পৃষ্ঠা ……… কলাম ………

## সাক্ষরতা পদক

সরকার ১৯৮০ থেকে নিরক্ষরতা দূরীকরণ কর্মীদের প্রশংসনীয় কাজের স্বীকৃতিস্বরূপ প্রতি বছর বাছাই করা কর্মীদের সাক্ষরতা পদক দানের ব্যবস্থা করেছেন। এটি নিঃসন্দেহে একটি শুভ ও গঠনমূলক পদক্ষেপ। এতে প্রকৃত কর্মীরা যেমন মূল্যবান অবদানের জন্য স্বীকৃতি পাবেন তেমনি নতুন কর্মীরা সাক্ষরতা অভিযানের কর্মসূচীতে উদ্দীপনা ও উৎসাহ পাবেন।

দেশে গত প্রায় ২২ বছর ধরে যে সব কর্মী নীরবে নিভৃতে নিরক্ষরতা দূরীকরণের জন্য উদ্বুদ্ধকরণ কাজ করে যাচ্ছেন এবং তাদের প্রকাশনা, লেখনী ও সংগঠনের দ্বারা—এই সমস্যাটিকে রাষ্ট্রীয় সমস্যা হিসেবে চিহ্নিত করণের জন্য নিয়োজিত তাঁরা যাতে প্রকৃত মর্যাদা পায় তজ্জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেবার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

—কাজী খলিলুর রহমান,
নলডাংগা, রংপুর।